

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৫৮

পর্ব-২৫: শিষ্টাচার (আডাব) (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - নাম রাখা

بَابُ الْأَسَامِيْنَ

আরবী

وَعَنْ أَبْنَى عَمْرَ أَنَّ بِنْتًا كَانَتْ لِعُمْرِ يُقَالُ لَهَا: عَاصِيَةٌ فَسَمَّاهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمِيلَةً. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪৭৫৮-[৯] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার (রাঃ)-এর কন্যাকে 'আসিয়াহ্ বলা হত। অতঃপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর নাম পরিবর্তন করে রাখলেন "জামীলাহ্"।  
(মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫-(২১৩৯), ইবনু মাজাহ ৩১৩৩, সিলসিলাতুস্স সহীহাহ্ ২১৩, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ্ ২৫৮৯৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'উমার -এর মেয়ের নাম ছিল ('আসিয়াহ্) অর্থাৎ অমান্যকারী। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নাম পরিবর্তন করে রাখলেন জামীলাহ্ (অর্থাৎ সুন্দরী)। শারহু মুসলিমে রয়েছে, ইমাম নাবাবী (রহিমাল্লাহ) বলেনঃ অপচন্দনীয় কুশ্রী নাম পরিবর্তন করা মুস্তাহব, যে রকম অপচন্দনীয় নামসমূহ পরিবর্তন করে ভালো নাম রাখা শারী'আতসম্মত মত।

(শারহু নাবাবী ১৪শ খন্দ, হাঃ ২১৩৯/১৫; তুহফাতুল আহ্ওয়ায়ী ৭ম খন্দ, হাঃ ২৮৩৮; 'আওনুল মা'বুদ ৮ম খন্দ, হাঃ ৪৯৪৮)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75482>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন